



**USAID**  
FROM THE AMERICAN PEOPLE

# আপনি কি গম ও বীজ গম সঠিকভাবে সংগ্রহ এবং সংরক্ষণ করতে চান?

তাহলে সময়মত সংগ্রহ এবং সঠিক পদ্ধতিতে  
মাড়াই-ঝাড়াই, শুকানো, বাছাই ও সংরক্ষণ করুন



**IRRI**  
INTERNATIONAL RICE RESEARCH INSTITUTE



## গম বা বীজ গম কর্তন

- ❖ গমের শীষ, পাতা ও গাছ সম্পূর্ণরূপে পেকে হালুদ বর্ণ ধারণ করলে গম কাটার উপযুক্ত সময় হবে
- ❖ পাকা গম বেশি দিন ধরে মাঠে শুকানো উচিত নয়, রৌদ্রোজ্জ্বল দিনে গম কাটতে হবে এবং বৃষ্টিতে ভেজার আগেই মাঠ থেকে সংগ্রহ করা উত্তম
- ❖ গম এবং বীজ গম আলাদাভাবে মাঠ থেকে কেটে আনতে হবে যাতে কোনভাবেই একটির সাথে অন্যটি মিশে না যায়
- ❖ বীজ গম জাত অনুযায়ী আলাদাভাবে মাঠ থেকে সংগ্রহ করতে হবে যাতে এক জাতের সাথে অন্য জাতের মিশ্রণ না ঘটে
- ❖ সাধারণতঃ কাঁচি দ্বারা গম কাটা হয়, তবে শক্তিশালিত যন্ত্র (যেমন - রিপার বা কম্বাইন্ড হারভেষ্টার) দ্বারা অল্প সময়ে বেশি পরিমাণ গম কাটা যায় এবং প্রাকৃতিক দুর্যোগ (ঝড়-বৃষ্টি) জনিত ক্ষতি এড়ানো যায়।



## মাড়াই-ঝাড়াই

- ❖ গম এবং বীজ গম আলাদাভাবে মাড়াই-ঝাড়াই করতে হবে যাতে কোনভাবেই একটির সাথে অন্যটি মিশে না যায়
- ❖ বীজ গম জাত অনুযায়ী আলাদাভাবে মাড়াই-ঝাড়াই করতে হবে যাতে এক জাতের সাথে অন্য জাতের মিশ্রণ না ঘটে
- ❖ সকালে সংগ্রহকৃত বীজ গম দুপুরেই মাড়াই করে ফেলা উত্তম
- ❖ পা-চালিত যন্ত্র দ্বারা গম মাড়াই করা যায়, তবে শক্তি চালিত যন্ত্র দ্বারা একইসাথে মাড়াই-ঝাড়াই অথবা কর্তনসহ মাড়াই-ঝাড়াই করা যায়।



## শুকানো

- ❖ কথক্ৰিটের মেঝেতে অথবা চাটাই বা পলিথিনের উপর গম এবং বীজ গম আলাদা আলাদাভাবে শুকাতে হবে
- ❖ রৌদ্রে ২-৩ দিন এমনভাবে শুকতে হবে যাতে দাঁতের নিচে দিয়ে চাপ দিলে 'কট' শব্দ করে ভেঙ্গে যায়, এ অবস্থায় দানায় শতকরা ১২ ভাগ আর্দ্রতা থাকে।



## বীজ বাছাইকরণ (গ্রেডিং)

- ❖ বীজ গম কুলা দিয়ে ঝেড়ে পুষ্টি বীজ বাছাই করা হয় এবং এসময় সরু ও কুচকানো দানাগুলি বেছে ফেলে দিতে হবে
- ❖ এছাড়া চালুনি (১.৫-২.৫ মি:মি: ছিদ্রবিশিষ্ট) দিয়ে চেলে পুষ্টি বীজ বাছাই বা গ্রেডিং করা যায়
- ❖ বানিজ্যিকভাবে শক্তি-চালিত যন্ত্র (গ্রেডিং মেশিন) দ্বারা পুষ্টি বীজ বাছাই বা গ্রেডিং করা হয়।



## সংরক্ষণ পদ্ধতি

- ❖ গম বা বীজ গম রৌদ্রে শুকানোর পর ছায়ায় রেখে ভালভাবে ঠান্ডা করে ব্যাগে বা পাত্রে রাখতে হবে, অন্যথায় ব্যাগ বা পাত্রের ভিতর তাপমাত্রা বেড়ে গিয়ে বীজ গমের গজানোর ক্ষমতা নষ্ট হয়ে যেতে পারে।
- ❖ ছিদ্রবিহীন ও ঢাকনায়ুক্ত পরিষ্কার টিন বা প্লাস্টিক ড্রামে গম বা বীজ গম সংরক্ষণ করা যায়। পাত্রে গমের পরিমাণ কম হলে ফাঁকা জায়গা শুকনো বালি/তুষ/কাঠের গুড়া দিয়ে ভরে ঢাকনা দিয়ে ভালভাবে আটকাতে হবে এবং ঢাকনার চারপাশ কাদামাটি বা পলিথিন দিয়ে বায়ুরোধী করে দিতে হবে। এতে রোগ ও পোকাকার আক্রমণ হবে না এবং বীজের আর্দ্রতাও ঠিক থাকবে।
- ❖ চটের বস্তার ভিতরে ছিদ্রবিহীন পলিথিন ব্যাগে গম বা বীজ গম ভর্তি করে মুখ ভালভাবে বায়ুরোধী করে বেঁধে সংরক্ষণ করা যায়।
- ❖ পোকাকার আক্রমণ থেকে রক্ষার জন্য ৫০ কেজি পরিমাণ বীজের ভিতর ২-৪টি ফসটক্সিন বড়ি বা ২-৪টি ন্যাপথলিন বল পাত্রের ভিতর ব্যবহার করা যায়। উল্লেখ্য যে, ফসটক্সিন বা ন্যাপথলিন ব্যবহার করলে ঐবীজ কখনই খাবার গম হিসাবে ব্যবহার করা যাবে না।
- ❖ সব ধরনের সংরক্ষণ পাত্রই মাচার উপরে এবং ঘরের বেড়া/দেয়াল থেকে দূরে রাখতে হবে, যাতে পাত্রগুলি মাটির সংস্পর্শে না আসে, অন্যথায় বীজের আর্দ্রতা বেড়ে গিয়ে বীজ নষ্ট হয়ে যাবে।
- ❖ সঠিক পদ্ধতিতে সংরক্ষিত বীজ বর্ষাকালেও রৌদ্রে শুকানোর প্রয়োজন হয় না এবং পরবর্তী রোপন মৌসুম পর্যন্ত ভাল থাকে।



This card is made possible through support provided by the United States Agency for International Development (USAID). The contents and opinions expressed herein are those of the author(s) and do not necessarily reflect the views of the US Agency for International Development or the United States Government and shall not be used for advertising or product endorsement purposes.



**CIMMYT**

তথ্যের উৎস: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

**আন্তর্জাতিক ভুট্টা এবং গম উন্নয়ন কেন্দ্র (সিমিট)**

বাড়ী ১০/বি, রোড ৫৩, গুলশান ২, ঢাকা ১২১২, বাংলাদেশ

ফোন: +৮৮ ০২ ৯৮৯৬৬৭৬

E-mail: [cimmytbd@cgiar.org](mailto:cimmytbd@cgiar.org); [shafiqul.islam@cgiar.org](mailto:shafiqul.islam@cgiar.org) | Web: [www.cimmyt.org](http://www.cimmyt.org)